

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সৌম্বার, আগস্ট ৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২১ শ্রাবণ ১৪১৪/৫ আগস্ট ২০০৭

এস, আর, ও নং ১৯৬-আইন/২০০৭/শ্রকম/শা-৬/নিঃশঁর্মণি-১১/২০০৭।—যেহেতু, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩৫৩(১) দ্বারা রহিতকৃত Minimum Wages Ordinance, 1961 (Ordinance No. XXXIX of 1961) এর Section (3) এর sub-section (1) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর Section 5 এ নির্ধারিত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে, “জাহাজ ভাসা শিল্প” প্রতিষ্ঠানে শ্রমিক পক্ষের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিকদল, চট্টগ্রাম বিভাগীয় কমিটি ও যুগ্ম-সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিকদল, কেন্দ্রীয় কমিটি-কে ৮ জুলাই, ২০০৪ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২০৭-আইন/২০০৮-শ্রকম-৬/নিঃশঁর্মণি-২/২০০৩ দ্বারা Minimum Wages Board এর সদস্য নিয়োগ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত Board এ জনাব আনোয়ার হোসেনের সদস্য পদ বহাল থাকা জনস্বার্থের অনুকূল নয় বলিয়া সরকারের নিকট প্রতীয়মান হইয়াছে;

সেহেতু, Minimum Wages Rules, 1961 এর rule 4(5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Board এর সদস্য পদ হইতে জনাব আনোয়ার হোসেন-কে অপসারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা  
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭২৮৩)  
মূল্য: ১ টাকা ২.০০